কুশের ত্রিপত্র, লৌহক্ষুর, তাম্রক্ষুর, তদভাবে দর্পণ, সর্ব্বৌষধিযুক্ত স্নানীয় জল
যজ্ঞোপবীতের গ্রন্থিদ্বয়, আচার্য্যের ভোজনার্থ ভক্ষ্যদ্রব্য ও শ্বেতচন্দন।

সাধভক্ষণ—আচারবশতঃ সকল বেদীয়েরই—অখণ্ড বস্ত্র লালপাড় শাটী
১, এবং নানাবিধ ব্যঞ্জনাদি সমেত অন্ন, পায়স প্রভৃতি।

জাতকর্ম্মাদি নববিধ সংস্কার যদি একদিনে হয় তাহা হইলে বৃদ্ধিশ্রাদ্ধ ও
বহ্নিস্থাপনাদি সাধারণ কুশণ্ডিকা একেই সিদ্ধ হইবে, আর স্বতন্ত্র করিতে হইবে
না। যতগুলি সংস্কারকর্ম্ম এক দিবসে হইবে ততগুলি সংস্কারকর্ম্মের বৃদ্ধিশ্রাদ্ধাদি
ও সাধারণ কুশণ্ডিকাদি ভিন্ন ভিন্ন করিতে হইবে না।

এই সকল কর্ম্মে যাহা লেখা হইল দেশভেদে ও কুলাচারভেদে কিছু তারতম্য
হইয়া থাকে। কুলাচারনির্দ্দিষ্ট দ্রব্যাদির দ্বারা কার্য্য করিবে, কারণ কুলাচারাদি
ধর্ম্ম শাস্ত্রসঙ্গত, যেহেতু শাস্ত্র অনন্ত; অতএব সেই সেই আচার ত্যাগ করিবে না।
সমর্থ হইয়াও অসমর্থের ন্যায় দ্রব্যাদি দ্বারা যদি সংস্কার করা হয়, তাহা হইলে
কর্ম্ম সিদ্ধ হয় না।

বাস্তুযাগ এবং জলাশয় ও মঠ প্রতিষ্ঠার দ্রব্য।

বাস্তুযাগের দ্রব্য—বরণ বস্ত্র ৫ যোড়, পূজার ধুতি ৫, পূজার শাটী ২, গামছা ১২খানা, আসন ৫, অঙ্গুরীয় ৫, পৈতা ৫, আসনাঙ্গুরীয় ৭ যোড়া, মধুপর্ক ৭, স্বর্ণ-গুড়ি ২ দফা, পঞ্চরত্ন ১ দফা, পঞ্চগব্য ১ দফা, পঞ্চপল্লব ১ দফা, নৈবেদ্য ১৬ খানা, ছোট নৈবেদ্য ১০০ খানা, কুম্ভ ১, শরা ১, নারিকেল ১০, গাড় ১, স্বর্ণপদ্ম ১, স্বর্ণশলাকা ১, রক্তসূত্র ১, বেল ৫, খদির কাঠের দ্বাদশ অঙ্গুলি প্রমাণ খোঁটা ৪, সিন্দুর ১ দফা, যজ্ঞকাষ্ঠ ১ দফা, হরীতকী ৩, বালি, কুশ, হোমকাষ্ঠ, মুগ, গম, তিল, যব, ধান্য, মাষকলাই, ইট, দুগ্ধ /১ সের, সমিধ ৭০০ তাম্রঘট ১, তাম্রটাট ১, তাম্রকুণ্ড ১, কাংস্য রেকাবি ১, পায়স পাত্র ১, কুলা ও ধুচানী ১ দফা হোমের ঘৃত /৪, পূর্ণপাত্র ১টা, মূল দক্ষিণা ১ দফা, বরণ দক্ষিণা ১ দফা আভ্যুদয়িক দ্রব্য।

জলাশয়প্রতিষ্ঠার দ্রব্য—গুরুবরণ বস্ত্র ১ যোড়, বরণ বস্ত্র ৪ যোড় বরণাঙ্গুরীয়ক ৫ প্রস্তুত, বস্ত্রাসন ৫ প্রস্তুত, যজ্ঞোপবীত ১৬টা, নবগ্রহ পূজার ধুতি ৯ খানা, বিষ্ণু ও বরুণ পূজার যোড় ২টা, লক্ষ্মীর শাটী ১, মোটা থান ১ টা, গামছা ১৫, আসনাঙ্গুরীয় ১২ প্রস্তুত, মধুপর্ক ১২ প্রস্তুত, কুম্ভ ৪, পিত্তলের কুম্ভ ১, শরা ২৫, বড় নৈবেদ্য ১৫, ছোট নৈবেদ্য ৫০, চতুরঙ্গুলি পরিমিত রৌপ্যনির্মিত বরুণ প্রতিমা ১, সাবৎসা ধেনু ১, স্বর্ণশৃঙ্গ ১, রৌপ্যক্ষুর ৪, তাম্রপৃষ্ঠ ১, কাংস্য ক্রোড় ১, লৌহ ত্রিশূল ১, চক্র ১, ঘণ্টা ১, চামর ১, স্বর্ণ মকর ১, স্বর্ণকূর্ম ১, রৌপ্য মৎস্য ১, রৌপ্য সর্প ১, তাম্র কাঁকড়া ১, তাম্রভেক ১, লৌহ শুশুক ১, স্বর্ণ নির্মিত নাগ ১, ক্ষুদ্র ঘণ্টা ১, ব্যজন (পাখা) ১, শয্যা ১, ছত্র ১, জুতা ১ যোড়া, খড়ম ১ যোড়া, দর্পণ ১, কোশাকুশী ১, সর্ব্বৌষধি ১, পঞ্চরত্ন (যথা স্বর্ণ, রৌপ্য, মণি, মুক্তা, প্রবাল) ২ প্রস্তুত, চরুপাত্র ১, তাম্রকুণ্ড ১, তাম্রটাট ১, তাম্রঘটী ১, কাংস্য রেকাবী ১, পিত্তলের ঘটী ৫, ধূপ, দীপ, পঞ্চবর্ণের গুড়া ১, দর্পণ, যজ্ঞকাষ্ঠ, পঞ্চপল্লব ৫১, বালি, কুশ, সিন্দুর, দধি, ঘৃত, মধু, দৈ, হাড়ু, মধু, তিল, হরীতকী, ধান্য, হরিদ্রা, নারিকেল ২০, কুলা ১, ধুচানী ১, হোমের কাষ্ঠ, পূর্ণপাত্র ১, ক্ষীরী বৃক্ষনির্ম্মিত ৩ হস্ত পরিমিত অথবা যজমান প্রমাণ সর্পাকৃতি যূপকাষ্ঠ, দ্বাদশ পঞ্চদশ অথবা অরত্নিপ্রমাণ যষ্টি, পতাকা, চক্র,

দক্ষিণা ৫ [illegible], অশ্বত্থ, যজ্ঞডুমুর, দূর্ব্বা, শমী প্রত্যেকের ৮টী করিয়া সমিধ, আভ্যুদয়িক দ্রব্য, ব্রাহ্মণ-ভোজন, দ্বাদশ দান।

রথপ্রতিষ্ঠার দ্রব্য—বরণ বস্ত্র ৫ প্রস্তুত, বরণাঙ্গুরীয়ক ৫প্রস্তুত, রজতাসন ৫ ঐ, পৈতা ৫, গামছা ৮, দম্পতীর শাটী ১, হবতন্ত্রার শাটী ১, ধ্বজার মোটা থান ১, আসনাঙ্গুরীয়ক, মধুপর্ক ৬ প্রস্তুত, ঘট বা ঘটী ৫, শান্তিকুম্ভ ১, চরুর দুগ্ধ /॥০, চরুর পাত্র, তাম্রকুণ্ড ১, হোমের ঘৃত /॥০ সের, বিষ্ণু, নৃসিংহ, বলরাম, জগন্নাথ, গরুড়, চক্র ও রথের পূজার ধুতি ৭, নারিকেল ৬, কুলো ১, ধুচানী ১, যজ্ঞকাষ্ঠ, হোমের কাষ্ঠ, বালি, ধুপ, তিল, যব, মাষকলাই, শ্বেতসর্ষপ, সমিধ, সিন্দূর, পঞ্চপল্লব, পঞ্চবর্ণের গুঁড়া, পঞ্চগব্য, পঞ্চরত্ন, পান, সুপারী, দধি, উপকরণ, বড় নৈবেদ্য ৭, কুচা নৈবেদ্য ৬০, পিষ্টক, প্রদীপ ১, শয্যা, পাদুকা, ছত্র, পাখা, ধ্বজা, পতাকা, চক্র, গরুড়, চামর, ঘণ্টা, পূর্ণপাত্র বরণদক্ষিণা ৬, মূল দক্ষিণা ১, রথদানের দক্ষিণা।

দ্বাদশ দানের দ্রব্যঃ—ভূমি, আসন, জল, অন্ন, বস্ত্র, তাম্বুল, বস্ত্র, গন্ধ (চন্দনকাষ্ঠ) ছত্র, পাদুকা, শয্যা, গো।

মঠ প্রতিষ্ঠার দ্রব্য—পূর্ব্বে করিলে আভ্যুদয়িক করিতে হয়, আভ্যুদয়িক দ্রব্য ১ প্রস্তুত, মন্দির ১টি, ব্রতী ৪, গুরুবরণ বস্ত্র ১ যোড়, ঋত্বিক্‌বরণ বস্ত্র ৪ যোড়, বরণাসন ৫ প্রস্তুত, বরণাঙ্গুরীয় ৪, শান্তিকুম্ভ ১টা, প্রধান নৈবেদ্য ৩ খানা, কুচা নৈবেদ্য ১ থালা, পূজার বস্ত্র ১ যোড়, শাটী প্রমাণ ১ খান, পট্টবস্ত্র ঐ ১ যোড়, ঘটাচ্ছাদন বস্ত্র ১ খানা, ধ্বজার বস্ত্র ১৬ হাতি ১ খানা, গামছা ৫ খানা, মহাকাল পূজার ধুতি ১ যোড়, মধুপর্ক ৩ প্রস্তুত, আসন ৩, অঙ্গুরী ৩, কুলা ১টা, ধুচানী ১টা আজ্যস্থালী ১টা, যজ্ঞীয়কাষ্ঠ ১ বোঝা, গব্যঘৃত, স্নানীয় উদক, নারিকেল উদক, পঞ্চগব্য, পঞ্চামৃত, তীর্থোদক, ঘণ্টা ১টা, চামর ১টা, লৌহচক্র ১টা, ষষ্টি ১টা, পতাকা ১টা, সিন্দূর ১ বাণ্ডিল, পঞ্চপল্লব, পঞ্চশস্য, উড় যব সমিধ, বিল্বপত্র ১০৮টি, পূর্ণপাত্র ৯টা, সিংহ ১টা, ঋত্বিক্‌দক্ষিণা, মূলদক্ষিণা, সিংহ পূজার আসনাঙ্গুরীয়াদি।

ভারতবর্ষীয় প্রসিদ্ধ তীর্থস্থান।

(কলিকাতা হইতে দূরতা ও ৩য়শ্রেণীর ভাড়া প্রতি মাইল ৪পাই হিঃ)

গঙ্গা—কলিকাতার নিম্নে পশ্চিম ভাগে দক্ষিণ ও উত্তর বাহিনী।

দক্ষযজ্ঞে সতী দেহ ত্যাগ করিলে বিষ্ণুচক্রে তাঁহার শরীর ৫১ অংশে বিভিন্ন হইয়া যে যে স্থানে পতিত হয়, সেই সেই স্থান এক একটী পীঠস্থান।

হিঙ্গলায়—সতীর ব্রহ্মরন্ধ্র পতিত হইয়াছিল, এখানে দেবী কোটরী ও ভীমলোচন ভৈরব আছেন। করাচী হইয়া সমুদ্রের কিনারায় উত্তরে ৯০ মাইল কলিকাতা হইতে ১২২৩ মাইল বোম্বাই (বি, এন, আর) তথা হইতে জাহাজে ৫০০ মাইল করাচি।

শর্করায় (তিন চক্ষু:) এখানে দেবী মহিষমর্দ্দিনী ক্রোধীশ ভৈরব। কলিকাতা হইতে সক্কর ষ্টেশন তাহার নিকটে। (এন, ডব্লিউ আর)

জ্বালামুখী তীর্থে—(জিহ্বা) দেবী অম্বিকা ভৈরব উন্মত্ত। জ্বালামুখী পঞ্জাবের একটী তীর্থ। অম্বালা কান্টে গাড়ি পরিবর্ত্তন করিয়া জলন্ধর ষ্টেশনে ও তথা হইতে হোসিয়ারপুর পর্য্যন্ত গাড়িতে যাইয়া নামিলে ষ্টেশনে ডুলি টোঙ্গা পাওয়া যায়। হাওড়া হইতে অম্বালা দিয়া ১২১৩ মাইল হোসিয়ারপুর ষ্টেশন।

সুগন্ধায়—(নাসিকা) দেবী সুনন্দা ভৈরব ত্র্যম্বক। সুগন্ধা গঙ্গার শাখা। বরিশাল নগর হইতে ১১ মাইল উত্তরে বাকলার অন্তর্গত শিকারপুর গ্রামে মায়ের মন্দির পদব্রজে যাইতে হয়। নৌকাযোগেও যাওয়া যায়। ভৈরবত্র্যম্বকের মন্দির ঝালাকাটি ষ্টেশন হইতে ৫ মাঃ দক্ষিণে পোনা বলিয়া ভামরাইল গ্রামে সুগন্ধার (বর্ত্তমান নাম সোন্ধ্যা) তীরে অবস্থিত। শিবচতুর্দ্দশীতে বহুযাত্রীর সমাগম হয়। খুলনা পর্য্যন্ত রেলে তথা হইতে ষ্টিমারে ঝালকাটি বরিশাল।

ভৈরবপর্ব্বতে—উর্দ্ধ ওষ্ঠ দেবী মহাদেবী ভৈরব লম্বকর্ণ। অবন্তীদেশে ভৈরব পর্ব্বত ১০২৭ উজ্জয়িনী ষ্টেশন।

অট্টহাসে—অধঃ ওষ্ঠ দেবী ফুল্লরা ভৈরবী বিশ্বেশ। বীরভূম জেলার অন্তর্গত লাভপুর গ্রামে শ্রীশ্রী৺ফুল্লরা মাতৃপীঠ। মায়ের প্রকাণ্ড শিলামূর্ত্তিঅধঃ ওষ্ঠাকৃতি প্রায় ১০।১২ হাত স্থান বিস্তৃত। শিবাভোগ প্রভৃতি আশ্চর্য্য দৃশ্য।

বিশ্বেশভৈরব মায়ের মন্দিরপার্শ্বে অবস্থিতি করিতেছেন। আজকাল আমোদপুর

কাটোয়া রেলের লাভপুর ষ্টেশন।

অট্টহাস (মতান্তরে) দেবী বেহুলা, ভৈরব বিশ্বেশ, কাটোয়ার অন্তর্গত কেতু গ্রামের দক্ষিণ পশ্চিম কোণে ১ মাইলের মধ্যে অবস্থিত। আমোদপুর কাটোয়া রেলে পাঁচুন্দি ষ্টেশন হইতে ২ মাইল।

প্রভাসে—(উদর) দেবী চন্দ্রভাগা বক্রতুণ্ড ভৈরব (মথুরার অন্তর্গত) মথুরা ৮৮৯।

জন্মস্থানে—(চিবুক) দেবী ভ্রামরী বিকৃতাক্ষ ভৈরব।

গোদাবরী তীরে—(বামগণ্ড) দেবী বিশ্বমাতৃকা ভৈরবী দণ্ডপাণি। (বি, এন, আর) গোদাবরী ষ্টেশন হইতে নীচে নামিয়া যাইতে হয়।

গণ্ডকীনদীতে—(দক্ষিণগণ্ড) দেবী গণ্ডকীচণ্ডী ভৈরব চক্রপাণি। নদীর প্রায় উৎপত্তি স্থানে যাইতে হয় অর্থাৎ যেখানে শালগ্রামশীলা পাওয়া যায়।

শুচিদেশে—(উর্দ্ধদন্তপাতি) দেবী নারায়ণী সংহার ভৈরব।

পঞ্চসাগরে—(অধোদন্ত) দেবী বারাহী ভৈরব মহারুদ্র।

করতোয়া তীরে—(বামতল্প) দেবী অপর্ণা বামন ভৈরব। এই স্থানের আধুনিক নাম ভবানীপুর। করতোয়া এখন ৫ মাইল দূরে প্রবাহিত সান্তাহার ষ্টেশন হইতে বগুড়া ও সেরপুর দিয়া সেরপুর হইতে ৪ ক্রোশ দক্ষিণে যাইতে হয়। বৈশাখ মাসে শনি মঙ্গলবারে এবং রামনবমী ও দীপান্বিতার সময় মেলা হয়। এই স্থানে নাটোর রাজার পূর্ব্বপুরুষ সাধকপ্রবর মহারাজ রামকৃষ্ণ তপস্যা করিতেন এখনও তাঁহার যজ্ঞকুণ্ড, তপসাসন ও পঞ্চমুণ্ডি বিদ্যমান আছে।

শ্রীপর্ব্বতে—(দক্ষিণ তল্প) দেবী সুনন্দা নন্দ ভৈরব।

কর্ণাটে—(কর্ণদ্বয়) দেবী জয়দুর্গা ভৈরব অভিরুদ্ধ।

বৃন্দাবনে—(কেশ) দেবী উমা ভূতেশ ভৈরব।

কালীঘাটে—(মুণ্ড) দেবী জয়দুর্গা ক্রোধীশ ভৈরব।

কাটোয়া হইতে ৩মাইল ঈশানকোণে ক্ষুরনপুর পীঠস্থান।

কিরীটে—(কিরীট) দেবী বিমলা ভৈরব সম্বর্ত্ত। ব্যাণ্ডেল বারহারোয়া লাইনের ডাহাপাড়া ষ্টেশনে নামিয়া ৩ মাইল পশ্চিমে তীর্থস্থান। এটি যতীন্দ্র মোহন ঠাকুরের জমিদারী মধ্যে। মন্দিরটি বহু পুরাতন ও জঙ্গলে পরিপূর্ণ।

...[illegible] শহরের প্রায় ২ মাইল দক্ষিণ পশ্চিমে গোটাটিকর নামক স্থানে শিব টিলায় ৵ সর্ব্বানন্দ
এবং তন্নিকটে জৈনপুর নামক স্থানে ৵ মহালক্ষ্মীপীঠ। শিবরাত্রিতে ৵ সর্ব্বানন্দের
এবং তন্নিকটে জৈনপুর নামক স্থানে মহালক্ষ্মীপীঠ। শিবরাত্রিতে ৵ সর্ব্বানন্দের ও অশোকাষ্টমীতে মহালক্ষ্মীর মেলা হয়।

নলহাটীতে—(নলা) দেবী কালিকা ভৈরব যোগীশ। হাওড়া হইতে ১৪৫ ষ্টেশন তথা হইতে প্রায় দুই মাইল দূরে পশ্চিম দক্ষিণে পাটকোরি বিরাজমান।

কাশ্মীরে—(কণ্ঠ) দেবী ভগবতী ভৈরব ত্রিসন্ধ্যেশ্বর। হাওড়া হইতে ১৩৯৩ মাইল রাউলপিণ্ডি; রাউলপিণ্ডি হইতে পর্ব্বতীয় পথে শ্রীনগর (কাশ্মীর) মোটরযোগে যাইতে হয় (অমরনাথ তীর্থ)।

রত্নাবলীতে—(দক্ষিণস্কন্ধ) দেবী কুমারী ভৈরব শিব।

মিথিলায়—(বামস্কন্ধ) দেবী মহাদেবী ভৈরব মহোদর। (জনকপুর রোড ও, আর, রেলওয়ে।

চট্টগ্রামে—(দক্ষিণহস্তার্দ্ধ) দেবী ভবানী ভৈরব চন্দ্রশেখর। এখানে চন্দ্রশেখর তীর্থ, কলিকাতা হইতে গোয়ালন্দ হইয়া ষ্টিমারে চাঁদপুর তথা হইতে আসাম বেঙ্গল রেলওয়ে সীতাকুণ্ড ষ্টেশনে নামিতে হয়।

মানসক্ষেত্রে—(দক্ষিণহস্তার্দ্ধ) দেবী দাক্ষায়ণী ভৈরব অমর।

উজানিতে—(কনুই) দেবী মঙ্গলচণ্ডী ভৈরব কপিলাম্বর। উজানি—হাওড়া হইতে ভাকরা ষ্টেশন, তথা হইতে প্রায় ৫ ক্রোশ গো-শকটে যাইতে হয়। বর্ত্তমান নাম কোগ্রাম। শ্রীমন্তের জন্মস্থান।

মণিবন্ধে—(মণিবন্ধ—করগ্রন্থি) দেবী গায়ত্রী ভৈরব সর্ব্বানন্দ।

প্রয়াগে—(দুই হস্তের অঙ্গুলি) দেবী ললিতা ও ভব, ভৈরব। প্রয়াগ তীর্থ, হাওড়া হইতে ৫৬৪ মাইল এলাহাবাদ। ষ্টেশন হইতে বেণীতীর্থ ঘাট ১৷৹ ক্রোশ একা পাওয়া যায়। এখানে যুক্তবেণী গঙ্গা যমুনা সরস্বতী সঙ্গম, সঙ্গমস্থলে গঙ্গা উত্তরদিক ও যমুনা পশ্চিমদিক হইতে আসিয়া মিলিত হইয়াছেন, সরস্বতী অন্তঃসলিলা। এখানকার প্রধান কার্য্য বেণীমাধব দর্শন ও মস্তকমুণ্ডন। আলোপীদেবী ত্রিবেণী তীর হইতে অর্দ্ধক্রোশ দূরে।

ব[illegible] পশ্চিমে কেতুগ্রামে, আমোদপুর কাটোয়া রেলে পাচুন্দি ষ্টেশন হইতে ১ মাইল।

জলন্ধরে—(১ম স্তন) দেবী ত্রিপুরমালিনী ভৈরব ভীষণ। (জ্বালামুখী তীর্থ)

রামগিরিতে—(২য় স্তন) দেবী শিবাণী চণ্ড ভৈরব। বিলাসপুর ষ্টেশন হইতে তিন ক্রোশ উত্তর পশ্চিম কোণে।

বৈদ্যনাথ—(হৃদয়) দেবী জয়দুর্গা ভৈরব বৈদ্যনাথ, বৈদ্যনাথ হাওড়া হইতে ২০১ মাইল। শিবগঙ্গাতে স্নান করিয়া পূজাদি করিতে হয়।

উৎকলে—(নাভি) দেবী বিমলা ভৈরব জগন্নাথ। পুরী জগন্নাথ দেখ।

কাঞ্চিদেশে—(কঙ্কাল) দেবী দেবগর্ভা রুরু ভৈরব। লুপলাইন বোলপুর ষ্টেশনের দুইক্রোশ ঈশানকোণে বাঁধা রাস্তা। উত্তরবাহিনী কোপাইনদীর তীরে পীঠস্থান। এইস্থানে একটি কুণ্ড আছে তাহার পার্শ্বে বসিয়া সাধারণে পূজাদি করিয়া থাকেন। চৈত্র সংক্রান্তিতে মহামেলা হয়।

কালমাধবে—(দক্ষিণ নিতম্ব) দেবী কালী অসিতাঙ্গ ভৈরব।

শোণ নদে—(বাম নিতম্ব) দেবী নর্ম্মদা ভদ্রসেন ভৈরব।

কামরূপে—(মহামুদ্রা) দেবী কামাখ্যা উমানন্দ ভৈরব।

কামাখ্যা—সিরাজগঞ্জ ষ্টেশন হইতে ৪৬৭ মাইল অম্বুবাচীতে ইহা দর্শন প্রশস্ত।

নেপালে—(জানুদ্বয়) দেবী মহামায়া ভৈরব কপালী।

মগধে—(দক্ষিণ জঙ্ঘা) দেবী সর্ব্বানন্দকরী ভৈরব ব্যোমকেশ। বক্সার ষ্টেশন হইতে ২ মাইল দূরে অবস্থিত।

জয়ন্তীতে—(বাম জঙ্ঘা) দেবী জয়ন্তী ভৈরব ক্রমদীশ্বর। শ্রীহট্টের জয়ন্তী পরগণার অন্তর্গত কালযোড়, বাউরভাগ নামক স্থানে। এই স্থানে দেবীর জঙ্ঘার প্রতিকৃতি দেখিতে পাওয়া যায় এবং এই স্থানই জয়ন্তীপীঠ বলিয়া বিখ্যাত। শ্রীহট্ট হইতে কানাইঘাট নৌকাযোগে প্রায় ৪০ মাইল তথা হইতে ৫ মাইল।

(হাওড়া আমতা লাইনে আমতা। জয়ন্তী দেবী এখানে "মেলাইচণ্ডী" নামে পরিচিত। দেবীর লাবণ্যময়ী প্রস্তর মূর্ত্তি।)

ত্রিপুরায়—(দক্ষিণ চরণ) দেবী ত্রিপুরাসুন্দরী ভৈরব ত্রিপুরেশ। কুমিল্লা ([illegible]) ষ্টেশন নামিয়া স্বাধীন ত্রিপুরান্তর্গত রাধাকিশোরপুর গ্রামের

অগ্নিকোণে ১॥০ মাইল দূরে পাহাড়ের উপর মন্দির। কুমিল্লা ষ্টেশন হইতে ৩০ মাইল উত্তর রাধাকিশোরপুর গ্রাম অবস্থিত।

ক্ষীরগ্রামে—(দক্ষিণ চরণের অঙ্গুষ্ঠ) দেবী যুগাদ্যা ক্ষীরক ভৈরব। বৈশাখী সংক্রান্তিতে মহামেলা হয়। বর্দ্ধমান কাটোয়া রেলে নিগম ষ্টেশন হইতে ২ মাইল।

কালীঘাট—কলিকাতার দক্ষিণে। এখানে দেবীর দক্ষিণ চরণের ৪টী অঙ্গুলি পতিত হইয়াছিল। এখানে কালিকাদেবী ও নকুলেশ্বর ভৈরব।

কুরুক্ষেত্রে—(দক্ষিণ পায়ের গুল্ফ) দেবী স্থাণু ভৈরব অশ্বনাথ। হাওড়া হইতে কুরুক্ষেত্র ১০০৩ মাইল।

থানেশ্বর—(কুরুক্ষেত্র) (দিল্লি হইয়া) ১০৫১ মাইল।

বক্রেশ্বরে—(মনঃ বা ভ্রূমধ্য) দেবী মহিষমর্দ্দিনী ভৈরব বক্রনাথ। আওার সাঁইথিয়া লাইনের দুবরাজপুর ষ্টেশন হইতে ৭ মাইল উত্তরে বাঁধা রাস্তা। এইস্থানে ৭টি উষ্ণ প্রস্রবণ, কুণ্ড ও পাপহরা নদী আছে। মহামুনি অষ্টাবক্র এইস্থানে সিদ্ধ হন। শিবরাত্রিতে মহামেলা হইয়া থাকে। মহাগর্ত্তে নামিয়া বক্রনাথের দর্শন করিতে হয়।

যশোহরে—(পাণিপদ্ম) দেবী যশোহরেশ্বরী ভৈরব চণ্ড। কলিকাতা শ্যামবাজার হইতে চিংড়ীঘাটা তথা হইতে নৌকায় হিঙ্গলগঞ্জের হাট তথা হইতে ১৪ মাইল যশোর ঈশ্বরীপুর। নৌকা রবিবার ও বৃহস্পতিবার প্রাতে যায়। অথবা বেলিয়াঘাটা হইতে নৌকাযোগে যাওয়া যায়।

নন্দীপুরে—(হার) দেবী নন্দিনী ভৈরব নন্দিকেশ্বর। লুপলাইন সাঁইথিয়া ষ্টেশনের পূর্ব্ব দক্ষিণদিকে লাইনের পূর্ব্বধার প্রায় এক ফারলং যাইয়া মায়ের পুরী পীঠস্থান, বৃহৎ বটবৃক্ষতলে পাষাণময়ী দেবী, ভৈরব নন্দিকেশ্বর দেবীর নিকটেই আছেন। ১১৯ মাইল।

বারাণসীতে—(কুণ্ডল) দেবী বিশালাক্ষী ভৈরব কাল, মণিকর্ণিকা, কাশী।

কন্যাশ্রমে—(পৃষ্ঠ) দেবী সর্ব্বাণী নিমিষ ভৈরব।

লঙ্কায়—(নূপুর) দেবী ইন্দ্রাক্ষী রাক্ষসেশ্বর ভৈরব।

বিরাটে—(পাদাঙ্গুলি) দেবী অম্বিকা ভৈরব অমৃত।

বিভাসকে—(বাম গুল্ফ) দেবী ভীমরূপা সর্ব্বানন্দ ভৈরব।

মেদিনীপুর জেলায় তমলুক সহরে ভীমা দেবীর মন্দির অবস্থিত।

৫১পীঠ [illegible] ঘাটে [illegible] স্টীমারে
যাওয়া যায়।

ত্রিস্রোতায়—(সতীর বামপদ) ভ্রামরী দেবী ও ভৈরব ঈশ্বর, তিস্তা, মধ্য জলপাইগুড়ি, দেবী ভ্রামরী, জলপাইগুড়ি জেলার বোদা এলাকার শালবাড়ী গ্রামে বিরাজমানা আছেন।

গঙ্গাসাগর :—হোরমিলার কোম্পানীর ষ্টিমার যোগে যাওয়া যায়। পৌষ সংক্রান্তির সময় মহামেলা হয়। এই স্থানে কপিল মুনির একটি প্রতিমূর্ত্তি আছে।

পুরী জগন্নাথক্ষেত্র;—উড়িষ্যা দেশের অন্তর্গত সমুদ্রতটে পুরী সহরে জগন্নাথদেবের মন্দির। বিমলাদেবীর মন্দির এবং মন্দগিরির গুহা উহার নিকট বৈতরণী তীর্থ ও ভুবনেশ্বর কিছু দূরে। বেঙ্গল নাগপুর রেলওয়েতে যাওয়া যায়।

সেতুবন্ধ রামেশ্বর—কলিকাতা হইতে ১৪৮০ মাইল শ্রীরামচন্দ্রের প্রতিষ্ঠিত লিঙ্গময় শিবমূর্ত্তি আছেন।

দ্বারকাপুরী—বোম্বাই প্রেসিডেন্সির অন্তর্গত গুজরাট প্রদেশে কচ্ছ উপসাগরের উপর, কলিকাতা হইতে বেঙ্গল নাগপুর রেলযোগে ১২২১ মাইল বোম্বাই বন্দর হইতে সমুদ্র পথে ২৯৭মাইল পোরবন্দর তথা ৩৫৫মাইল দ্বারকা। দ্বারিকা ৩টী মূল, গোমতী ও ভেট, মূল দ্বারিকা পোরবন্দর ওরফে সুদামাপুর হইতে ১০৫ মাইল তথা হইতে ১৯৫ মাইল গিয়া গোমতী দ্বারকা। এ পর্য্যন্ত বি, বি, সি, আই আর দিয়া বোম্বাই হইতে আহমদাবাদ তথা বিরাবগাম হইয়া ওরাস্ত ওদন জংসন তথা জামনগর দিয়া গোমতীদ্বারকা পর্য্যন্ত রেলগাড়ীতে যাওয়া যায়। ভেট যাইতে হইলে জামতা যাইতে হয়। সেথান হইতে সমুদ্র পার হইয়া গোপীনালাও আসা যায়। এখানে গোপীচন্দন পাওয়া যায়।

মহামুনি ভরদ্বাজের আশ্রম—প্রয়াগের উত্তর পশ্চিমদিকে।

তারকেশ্বর,—হাওড়া হইতে ৩৩ মাইল।

ত্রিবেণী—(গঙ্গা যমুনা সরস্বতী সঙ্গম);—২৯ মাইল মগরা হইতে ২ মাইল ত্রিবেণী ঘাট।

সীতাকুণ্ড;—২০৭ মাইল মুঙ্গের তথা হইতে ৫ মাইল সীতাকুণ্ড গাড়ি পাল্কী ও একা পাওয়া যায়। মুঙ্গের ষ্টেশনের নিকট জরাসন্ধ রাজার দুর্গ বর্ত্তমান।

গয়াধাম ;—২৯২ মাইল গ্রাণ্ড কর্ড দিয়া একেবারে যাওয়া যায়। ষ্টেশন হইতে

তীর্থ।... নদীতে ও অক্ষয় বটমূলে পিণ্ডদান। ৭ মাইল দক্ষিণে বুদ্ধগয়া।

কাশীধাম ;—(মোগলসরাই জংসন হইয়া) ৪২৮ মাইল। প্রধান কার্য্য মণিকর্ণিকার ঘাটে দশাশ্বমেধঘাটে স্নান এবং বিশ্বেশ্বর অন্নপূর্ণাদর্শন।

অযোধ্যা বা রামগয়া তীর্থ;—৪১৯ মাইল মোগলসরাই জংসন তথা হইতে ১২৩ মাইল দর্শননগর ১৩৬ অযোধ্যাঘাট স্থানে ভগবান রামচন্দ্র লীলা সম্বরণ করেন। এখানে স্নান ও পিতৃলোকের পিণ্ডদান প্রধান কর্ত্তব্য। উত্তরে মহামুনি বশিষ্ঠের আশ্রম ও বশিষ্ঠ কুণ্ড। কামাখ্যার নিকট আর একটী বশিষ্ঠ আশ্রম ও অনুপাহাড়ে রাজপুতনায় আর তিনটী বশিষ্ঠ আশ্রম আছে। বশিষ্ঠ কুণ্ড শিমলা হইতে ফুলুগঙ্গল হইতে ডকজানাম হইয়া যাওয়া যায়। ইহা অন্যতম বশিষ্ট কুণ্ড ইহার নিকট ব্যাসকুণ্ড আছে ও এই কুণ্ড হইতে বিপাশানদী উত্থিত হইয়াছে। কিয়দ্দূর ব্যবধানে শ্রীরামচন্দ্রের জন্মস্থান, রাজা দশরথের ভবন, হনুমান গড় প্রভৃতি।

নৈমিষারণ্য।—হাওড়া হইতে ৪১৯ মোগলসরাই তথা হইতে ২৪৭ বালাউনী তথা হইতে ৭।৮ ক্রোশ পদব্রজে গোশকটে বা ঘোড়ার গাড়ীতে ঐ স্থানে যাওয়া যায়। এখানে দধীচিমুনির আশ্রম ছিল তৎপরে মহামুনি মহর্ষি ব্যাসও আশ্রম করিয়াছিলেন।

হরিহর ছত্র।—ছাপরা সোনপুরের গঙ্গাতীরের নিকট।

মথুরা।—যমুনার দক্ষিণতীরে অবস্থিত ধ্রুবঘাট ও বিশ্রামঘাটে পিতৃলোকের পিণ্ডদান করিতে হয়। মথুরা হইতে ৩ ক্রোশ মহাবন এবং মহাবন হইতে অর্দ্ধক্রোশ গোকুল। (তুণ্ডলা ও আগ্রা হইয়া) ৮৮৬ মাইল মথুরা নগর।

শ্রীবৃন্দাবনধাম।—মথুরা হইতে ৭ মাইল। বৃন্দাবন হইতে ৬।৭ ক্রোশ ব্যবধান, রাধাকুণ্ড, শ্যামকুণ্ড, গিরিগোবর্দ্ধন ও ৩ মাইল ব্যবধানে মানসসরোবর। গো-শকটে বা একাতে যাইতে হয়, তিন দিবস সময় লাগে। দোলযাত্রা উপলক্ষে শ্রীবৃন্দাবনে একটী প্রায় ২০ দিনব্যাপী মেলা বসিয়া থাকে।

পঞ্চবটী বন ;—বোম্বাই প্রেসিডেন্সীর অন্তর্গত গোদাবরী নদীর উপর। বার বৎসর অন্তর কুম্ভমেলা হইয়া থাকে। এই স্থানে লক্ষ্মণদেব শূর্পনখার

বাসিকাক্ষেত্রম করেন। নাসিক রোড ষ্টেশন হইতে ১২৮৪ মাইল ষ্টেশন হইতে ৭ মাইল ট্রামে যাইতে হয় নাসিক পূর্ব্ব দক্ষিণাভিমুখে পঞ্চবটীর গ্রামের পর্ণশালা। প্রাকৃতিক দৃশ্য অতি অপূর্ব্ব।

বেদব্যাসের জন্মস্থান।—হাওড়া হইতে ২৫৬ মাইল বেঙ্গল নাগপুর রেলে রাওরকেলা ষ্টেশন। ষ্টেশন হইতে ৫ মাইল। পশ্চিমে ব্রাহ্মণী কোয়েল ও শঙ্খনদী বেষ্টিত দ্বীপাকার স্থানে বেদব্যাসের জন্ম হয়।

কশ্যপ মুনির জন্মস্থান।—শ্রীনগর হইতে পশ্চিম দক্ষিণ কোণে সুপিয়ান—কশ্যপ মুনির আশ্রম। অশ্বারোহিণে যাইতে হয়।

সূর্য্যদেবের জন্মস্থান।—মার্কণ্ডেয় শ্রীনগর হইতে নৌকায় খানাবল তথা হইতে ৫ মাইল উত্তরে "মটন" এই স্থানে সূর্য্যের জন্ম হয় বলিয়া কথাকার জনশ্রুতি। এই পথ দিয়া অমরনাথ যাইতে হয়।

সীতাদেবীর জন্মস্থান ;—হাওড়া হইতে মোকামা হইয়া ৩৭৫ মাইল দারভাঙ্গা তথা হইতে ১৫ কামতৌল হইতে ৩ মাইল জনকপুর, এই স্থানে সীতাদেবী জন্মগ্রহণ করেন।

হরধনুঃ—জনকপুরে হরধনুর অর্দ্ধেক অংশ আজিও দেখিতে পাওয়া যায়, অপর অর্দ্ধেক অংশ সীতামারী ষ্টেশনের ৩ ক্রোশ ব্যবধানে আছে।

সাধক রামপ্রসাদ সেনের জন্মস্থান ;—শিয়ালদহ হইতে ২৬ মাইল হালিসহর শ্রীশ্রীশ্যামাপূজার সময় প্রসাদ মেলা বসিয়া থাকে।

ছত্রভোগেত্রিপুরাসুন্দরী।—২৪ পরগণার মথুরাপুরের অনতিদূরে ছত্রভোগ গ্রামে অতিপুরাকাল হইতে এই দেবী মূর্ত্তি বিরাজমানা আছেন। প্রতি বৎসর স্নানযাত্রার দিন বহু লোকের সমাগম হয়। ত্রিপুরাসুন্দরী শক্তি ও অনতিদূরে বদরিকানাথ ভৈরব।

তারাদেবী ;—ইষ্ট ইণ্ডিয়ান লুপলাইন রামপুরহাট ষ্টেশনে (১২৯ মাইল) নামিয়া দক্ষিণ পূর্ব্বাভিমুখে ৩ মাইল দূরে চণ্ডীপুর গ্রামে দ্বারকানদীর পূর্ব্ব তীরে ৺তারাদেবীর মন্দির। এই স্থানে মহামুনি বশিষ্ঠ ও বামাক্ষেপা সিদ্ধ হন। আশ্বিন মাসের শুক্লপক্ষের চতুর্দ্দশীতে মহাপূজা হয় এবং মেলা বসিয়া থাকে। সিদ্ধপীঠ।

গত ভূমিকম্পের সময়ে মন্দিরটী ভাঙ্গিয়া পড়িয়া গিয়াছে। এক্ষণে পুনরায় নির্ম্মাণ করা হইতেছে।

সুকেতে :—শুকদেব বাটীকা এখানে শুকদেব গোস্বামী পড়িয়াছিলেন। আজকাল সুকেতের মহারাজা একটী সুন্দর গুহা ও বাগান তৈয়ারি করিয়াছেন স্থান নির্জ্জন ও একান্ত তপস্যার উপযুক্ত।

বিলাসপুর :—ব্যাস গুহা ও মার্কণ্ডেয়ের আশ্রম। সহর হইতে ২-মাইল দূরে পর্ব্বতোপরি ব্যাসগুহা ও ইহার ঠিক বিপরীতভাগে ৭ মাইল দূরে পর্ব্বত নিম্নে মার্কণ্ডেয়ের আশ্রম। ব্যাসগুহা হইতে মার্কণ্ডেয়ের আশ্রম পর্য্যন্ত ৭ মাইল পর্ব্বত মধ্যে গুহাদ্বারা সংলগ্ন। পূর্ব্বে ব্যাস ও মার্কণ্ডেয় ঋষি এই পথে যাতায়াত করিতেন। এক্ষণে মার্কণ্ডেয়ের আশ্রমের দিকে গুহামুখ শিলাদ্বারা বন্ধ।

গিরিরাজপুরী—গিরি, গিরিনদী এবং গিরিরাজার পুরী সিমলা পাহাড়ে অবস্থিত। আজিও দেখিতে পাওয়া যায়। হাওড়া হইতে ১১২৫ মাইল।

ভীষ্মের শরশয্যা স্থান ও কুন্তীদেবীর শিবালয়—থানেশ্বর ১০০০ মাইল সহরের নিকটেই দ্বৈপায়ন হ্রদ এই হ্রদে রাজা দুর্য্যোধন যুদ্ধে পরাজিত হইয়া লুকাইয়া থাকেন। ইহার সন্নিকটে কুন্তীদেবীর শিবালয় ও ভীষ্মের শরশয্যা।

বরাহচ্ছত্র—ভগবান নারায়ণের তৃতীয় অবতার বরাহদেবের প্রতিমূর্ত্তি নেপাল রাজ্যের অন্তর্গত ধবলাগিরিতে প্রতিষ্ঠিত। কার্ত্তিকী পূর্ণিমাতে প্রতি বৎসর মেলা হয়। ই, বি, আর, যাঁচোর ঘাট ষ্টেসন হইতে গো-শকটে কুশীনদীর কিনারা দিয়া ২০ মাইল ধবলা গিরিশৃঙ্গের পাদদেশ তথা হইতে ২০ মাইল।

অমরকণ্টক—এই পর্ব্বত নর্ম্মদা নদীর উৎপত্তি স্থান। অনেক প্রাচীন দেবমন্দির দৃষ্ট হয়। হাওড়া হইতে বি, এন, আর পেণ্ড্রো রোড ষ্টেশন ৫১০ মাইল তথা হইতে ৭ মাইল পূর্ব্বে অমরকণ্টক।

ইলোরা—পর্ব্বতখোদিত দেবমন্দির ইন্দ্রসভা, দশাবতার এবং জৈন মন্দির আছে। নাগপুর হইয়া নান্দগাঁও তথা হইতে ৪৪ মাইল টোঙ্গায় যাইতে হয়।

কটাক্ষরাজ—সতীর বামচক্ষু পতিত হইয়াছিল। নর্থ ওয়েষ্টার্ণ রেলওয়ে লালমুসা ষ্টেসনে নামিয়া খেওড়া লাইনের গাড়ীতে উঠিয়া খেওড়া তথা হইতে এক্কা বা অশ্বারোহণে ১২ মাইল যাইতে হয়, চৈত্র সংক্রান্তিতে মহামেলা হয়।

কুলুপাহাড়ে—বিজলী মহাদেব বিরাজিমান। রাত্রিদিন শিরে বিদ্যুতের অলৌকিক জ্যোতি দেখা যায়। কুলু হইতে বেজোয়ারা দিয়া মহাকাল ও মনো-মহেশ ও কৈলাসে যাওয়া যায়। শিমলা দিয়া পথ নিকট হয়।

পৃথুদক।—থানেশ্বর হইতে ২৪ মাইল। এই স্থানে গয়ার ন্যায় পিণ্ডদানাদি করিতে হয়।

রেণুকাতীর্থ। হিমালয়ের উপরে শিরমুড়া (নাহান ষ্টেট) অবস্থিত। দিল্লি অম্বালা কাল্‌কা রেলওয়ে অম্বালা ক্যাণ্টনমেণ্ট ষ্টেশন হইতে ৬০ মাইল উত্তরে নাহান নগর। তথা হইতে ১৫ মাইল পার্ব্বত্য পথ অতিক্রম করিয়া উত্তরে রেণুকাতীর্থ। এই স্থানে ভগবান পরশুরাম পিতৃ আজ্ঞা পালন করেন। রেণুকা হ্রদে স্নানদানাদি কর্ত্তব্য। কার্ত্তিক মাসের শুক্লানবমীতে মেলা হয়।

মহামুনি জমদগ্নির আশ্রম। ঐ রেণুকা হ্রদ হইতে ২ মাইল উর্দ্ধে অবস্থিত।

ক্ষীরভবানী।—কাশ্মীর হইতে ৬ ক্রোশ উত্তর পশ্চিমে বিতস্তা নদী দিয়া যাইয়া সিন্ধুনদীর শাখাতে ১ ক্রোশ যাইয়া ক্ষীরভবানী। হ্রদের মধ্যে মন্দির।

চিন্তাপূর্ণী।—হুসিয়ারপুর হইতে উত্তর পশ্চিমে। জ্বালামুখী হইতে ১২ ক্রোশ। এই স্থানে ছিন্নমস্তা দেবীর মন্দির আছে।

দণ্ডকারণ্য।—নাগপুর হইতে নাসিক উত্তর দক্ষিণব্যাপী বিস্তৃত ভূভাগ পুরাকালে দণ্ডকারণ্যও জনস্থান নামে প্রসিদ্ধ ছিল।

খাণ্ডববন।—ভোঁশোয়াল হইতে খাণ্ডোয়া পর্য্যন্ত এই সুদূরব্যাপী ভূভাগই খাণ্ডববন। রেলপথের উভয় পার্শ্বে ভীষণ অরণ্য, মধ্যে মধ্যে পর্ব্বতমালা, স্রোতস্বিনী ও অতি পুরাকালের ক্ষুদ্র ক্ষুদ্র মন্দির। জব্বলপুর হইয়া খাণ্ডোয়া ষ্টেশন ২২৬ মাইল।

রামশর তীর্থ।—খাণ্ডোয়া ষ্টেশন হইতে ১ মাইল পূর্ব্ব দক্ষিণ কোণে। পঞ্চবটী গমনকালীন এখানে জনকনন্দিনী পিপাসায় কাতরা হন। জলাশয় না থাকায় রামচন্দ্র ভূতলে শরনিক্ষেপ করেন এবং ভূতল বিদীর্ণ হইয়া সলিল উত্থিত হয়। এখানে একটী কূপ ও নিকটে মন্দিরে রামসীতা ও হনুমানের পাষাণময়ী মূর্ত্তি আছে।

অবন্তী মহাতীর্থ।—উজ্জয়িনী ষ্টেশন ১০৪৩ মাইল তথা হইতে সিপ্রাতীর এক ক্রোশ। সিপ্রার তটে রামঘাট, দত্তাত্রেয় ঘাট, পিশাচমুক্তেশ্বর ঘাট, ছত্রীঘাট, গন্ধর্ব্বতীঘাট, মদনঘাট প্রভৃতি [illegible]

মহাকাল।—মহাকালের মন্দির সিপ্রাতট হইতে কিয়দ্দূর, মন্দিরের দক্ষিণ পার্শ্বে সুড়ঙ্গ মধ্যে প্রকাণ্ড শিব বিদ্যমান, ইনিই মহাকাল বা কালপ্রিয়নাথ।

হর্ষদ্বীপ।—মহাকালেশ্বর স্থান হইতে পশ্চিমাভিমুখে হর্ষদ্বীপ, মহারাজ বিক্রমাদিত্য কর্ত্তৃক সুবৃহৎ মন্দিরে এই পাষাণময়ী কালিকামূর্ত্তি প্রতিষ্ঠিত।

মহর্ষি সন্দীপনের আশ্রম।—সিপ্রাতীর অবলম্বন করিয়া উত্তরদিকে বহুদূর গমন করিলে সন্দীপনের আশ্রম। বসুদেব-তনয় রাম এবং কৃষ্ণ এই স্থানে শাস্ত্র অধ্যয়ন করিয়াছিলেন, অনেক সাধুর আশ্রম ও দেবমন্দির আছে।

ভর্ত্তৃগুহা।—উজ্জয়িনী হইতে এক ক্রোশ উত্তরে সিপ্রাতীরে ভূগর্ভে অট্টালিকা মধ্যে ধ্যানস্থ ভর্ত্তৃহরি ও তাঁহার গুরু গোরক্ষনাথ এবং রাজ্ঞী পিঙ্গলা আছেন।

মহারাজ বিক্রমাদিত্যের রাজবাটীর সিংহদ্বার।—সিংহদ্বারের ভগ্নাবশেষ উজ্জয়িনী নগর মধ্যে বিদ্যমান। প্রত্যহ বহুলোক পূজা করিয়া থাকেন।

মৎস্যদেশ।—জয়পুর হইতে খাণ্ডব বন পর্য্যন্ত বিস্তৃত ভূভাগকে পুরাকালে মৎস্যদেশ বলিত। এইখানে বিরাট রাজার রাজত্ব ছিল। কাটিহারের (ই, বি, আর) নিকট বিরাটের উত্তর গোসকট ও সেরাজগঞ্জের নিকট পূর্ব্ব গোগৃহ বলিয়া থাকে। এইরূপ দক্ষিণ ও পশ্চিম গোগৃহ আছে। কিন্তু স্থান নির্দ্দেশ হয় নাই পরে জানিলে প্রকাশ করা যাইবে।

মহর্ষি ভৃগুর আশ্রম বা ভৃগুস্থান।—ইহার অনতিদূরে পুণ্যতোয়া নর্ম্মদা নদী সমুদ্রের সহিত সম্মিলিত হইয়াছেন।

মুম্বাদেবীর মন্দির।—বোম্বাই নগরের অধিষ্ঠাত্রী দেবী। ধাতু নির্ম্মিত মুম্বাদেবীর মূর্ত্তি তাঁহার সম্মুখভাগে একটী জলাশয়, তাহার চতুর্দ্দিকে উৎকৃষ্ট পাষাণ নির্ম্মিত সোপানশ্রেণী ও তীরে বিবিধ দেব মন্দির বিরাজমান। ইহার অনতিদূরে ভোলেশ্বর মহাদেব। বোম্বাই ১২২৩ মাইল।

পার্ব্বতীশৈল।—পুণা সহরের দক্ষিণে সহ্যপর্ব্বতের শিখরদেশে পার্ব্বতীশৈলে সুবর্ণময়ী পার্ব্বতী ও পাষাণময় শিব। পুণা ১২৫৩ মাইল।

পাণ্ডবগুহা।—পুণানগরীস্থ ফার্গুসন কলেজের নিকটে শৈলমালা দৃষ্ট হয়। জনশ্রুতি, যুধিষ্ঠিরাদি পাণ্ডবগণ বনবাসকালে এই গুহায় অবস্থিতি করিয়াছিলেন।

মাইল দূরে মহাসমুদ্রতীরে দেবী মহালক্ষ্মীর মন্দির। মর্ম্মরপ্রস্তর নির্ম্মিত মন্দিরের সোপানশ্রেণী সাগরতরঙ্গে ধৌত হইতেছে। নয়নরঞ্জন দৃশ্য।

জল্পেশ্বর মন্দির।—জলপাইগুড়ি সহর হইতে ১১ মাইল পূর্ব্বে। প্রাচীন কারুকার্য্যশোভিত মন্দির, বর্ত্তমান অবস্থা ভগ্নপ্রায়। শিবরাত্রির সময় মেলা হয়।

মহর্ষি বাল্মীকির আশ্রম।—কানপুর হইতে ১১ মাইল বিঠুর নামক স্থানে বাল্মীকির আশ্রম। ব্রহ্মা এইস্থানে যজ্ঞ করিয়াছিলেন বলিয়া ইহাকে "ব্রহ্মাবর্ত্ত" বলে। বাল্মীকীশ্বর মহাদেব উচ্চ ভূমিখণ্ডে স্থাপিত আছেন।

গুহকালয়।—ই, আই, আর, চুণার ষ্টেশনে কেল্লার তলভাগে "গুহকালয়"।

অহল্যা পাষাণী।—বক্সার ষ্টেশন হইতে ৫ মাইল পূর্ব্বে গঙ্গাতটে, ডুমরাওন হইতে ৯ মাইল উত্তরে। শ্রীরামচন্দ্রের ও অহল্যার পাষাণময়ী মূর্ত্তি আছে।

পরশুরামের আশ্রম।—মোকামা ষ্টেশন হইতে প্রায় দেড় মাইল পশ্চিমে।

হরিনাথ।—সম্বলপুর জেলার অন্তর্গত বুড়াসম্বর ও ফুলঝর এলাকার অন্তর্গত। ভগবানের সুন্দর বরাহ মূর্ত্তি। পাহাড় কাটিয়া মন্দির। উভয় পার্শ্ব দিয়া ঝরণার জল অনবরত যাইতেছে। সম্বলপুর ষ্টেশন হইতে ৬৪ ক্রোশ গো-শকটে যাইতে হয়।

ত্র্যম্বকেশ্বর।—নাসিক ষ্টেশন হইতে ৫ মাইল নাসিক-টাউন, তথা হইতে ৯ ক্রোশ, তিন দিকে পর্ব্বতবেষ্টিত, মধ্যে ত্র্যম্বকেশ্বর দেবের মন্দির।

জটাভটঙ্কা।—ত্র্যম্বকেশ্বর পল্লীতে ব্রহ্মগিরির উপর, এখানে গোদাবরীর উৎপত্তি। মহাদেবের জটা হইতে গোদাবরী নিঃসৃত হইতেছেন। পর্ব্বতের সেই অংশ ঠিক জটারন্যায় মনোহর দৃশ্য; পার্শ্বে যজ্ঞডুম্বুরবৃক্ষতলে ধ্যানমগ্ন গৌতমের মূর্ত্তি।

ওঙ্কারেশ্বর।—মন্তাধা (খেরিঘাট) ষ্টেশন হইতে গরুর গাড়িতে ৭ মাইল অমরেশ্বর, তথা হইতে নর্ম্মদা পার হইয়া বিন্ধ্যাচলের উপর ওঙ্কারেশ্বরের মূর্ত্তি।

সোমনাথ।—কাথিয়াবার হইতে ভেরামল ষ্টেশনের ২ মাইল দূরে অবস্থিত।

ঋষ্যশৃঙ্গমুনির আশ্রম।—ভাগলপুর জেলার অন্তর্গত মধ্যেপুরা সবডিবিসনের এলাকায় সিংহেশ্বর নামক স্থানে ঋষ্যশৃঙ্গের আশ্রম ছিল। শৃঙ্গেশ্বর শিব আছেন। শিবরাত্রির সময় এক পক্ষব্যাপী মেলা হয়। মোকামাঘাট হইতে সিমুরিয়া ঘাট আসিয়া রেলযোগে মধুপুর ষ্টেশন হইতে গো-শকটে ২৪ মাইল যাইতে হয়।

মন্দার পর্ব্বত।—হাওড়া হইতে ২৬৫ মাইল ভাগলপুর। তথা হইতে একা বা ঘোড়ার গাড়িতে বাঁকা যাইতে হয়। মন্দার পর্ব্বত বাঁকার নিকট।

[illegible] হইতে ২০।মুদ্রের তথা হইতে ষ্টীমারে গোপরী ৮০, ৩০ মাইল গো-শকটে যাইতে হয়।

মেহের কালী বাড়ী।—চাঁদপুর ষ্টেশন হইতে ১৪ মাইল, মেহের গ্রামে ৺ সর্ব্বানন্দ ঠাকুর ৺ কালী সিদ্ধি করেন। পৌষ সংক্রান্তিতে ও ৺ পূজার পর বহুলোকসমাগম হয়। চাঁদপুর হইতে ডিঙ্গরা ষ্টেশন, তথা হইতে কালীবাড়ী।

পাণ্ডুকেশ্বর।—বদরীনারায়ণ হইতে কিঞ্চিৎ নিম্নে পাণ্ডুকেশ্বর নামক এক কষিতকাঞ্চননির্ম্মিত অপূর্ব্ব বিষ্ণুমূর্ত্তি। প্রবাদ অর্জ্জুন স্বর্গলোক হইতে এই মূর্ত্তি আনিয়াছিলেন।

শিববাড়ী।—মাণিকগঞ্জের শিববাড়ী একটী সুপ্রসিদ্ধ দেবস্থান। প্রকাণ্ড কুণ্ড মধ্যে শায়িত সুবৃহৎ পাষাণময় অচল শিবলিঙ্গ ও মনোহারিণী বালা ভৈরবী মূর্ত্তি। শিবরাত্রির সময় মেলা হয়। গোয়ালন্দ ষ্টেশন হইতে ১৬ মাইল উত্তর পূর্ব্বে।

বিশ্বামিত্র মুনির আশ্রম।—সাহাবাদ জেলা বক্সার ষ্টেশন চরিত্রবন নামক স্থানে আশ্রম। রামেশ্বর নামক শিবমন্দির নিকটেই।

বিন্ধ্যবাসিনী অষ্টভূজা দেবী।—মোগলসরাই হইয়া বিন্ধ্যাচল ষ্টেশনের নিকট। এই পর্ব্বতের উপর শুম্ভ নিশুম্ভের সহিত দেবীর যুদ্ধ হয়। সিদ্ধপীঠ।

কর্ণগড়।—মহারাজ দাতাকর্ণের বাসস্থান। মেদিনীপুর জেলার, শালবনী থানার অধীন কর্ণগড় গ্রামে পুরাতন প্রস্তরের বৃহৎ মন্দির প্রাচীর জঙ্গল মধ্যে দৃষ্ট হয়। মেদিনীপুর হইতে ১০ মাইল গো-শকটে যাইতে হয়।

ইন্দ্রপ্রস্থের ধ্বংসাবশেষ।—দিল্লী হইতে দক্ষিণ ২ মাইল যমুনাতীরে যুধিষ্ঠির ও অর্জ্জুনের বাসভবনের ভগ্নাবশেষ আজিও দেখিতে পাওয়া যায়।

পৃথ্বীরাজ ভবন, যজ্ঞশালা ও কালীমন্দির।—দিল্লী হইতে ৭ মাইল দক্ষিণে।

অপরাজিতা দেবী।—লুপলাইন মুরারই ষ্টেশন ভাড়া ২৸৶৯ পাই হইতে ৩ মাইল পশ্চিমে কনকপুর গ্রামের পশ্চিমাংশে। পাষাণময়ী কালিকা মূর্ত্তি।

নিমাই তীর্থের ঘাট।—বৈদ্যবাটীতে।

শ্রীশ্রীগৌরাঙ্গ প্রভুর পিতৃদেব জগন্নাথ মিশ্রের জন্মস্থান।—শ্রীহট্ট জেলার অন্তর্গত ঢাকার দক্ষিণ, গোয়ালন্দ তথা হইতে কাছার লাইনে ষ্টীমারে নহাইর ঘাট তথা হইতে এক মাইল দূরে ৺প্রভুর মন্দির। রথ ও ঝুলনের সময় এবং চৈত্র মাসের প্রতি রবিবারে মেলা বসিয়া থাকে।

ব্যাসঘাট। হরিদ্বার হইতে হৃষীকেশ হইয়া ৪১ মাইল দূরে উত্তরে অবস্থিত। প্রকাশ এখানেও ব্যাসদেব তপস্যা করিয়াছিলেন।

দেবপ্রয়াগ :—ব্যাসস্থান হইতে ৯ মাইল উত্তরে অবস্থিত। এখানে ভাগীরথী অলকানন্দার সহিত মিশ্রিত। এখানে পিতৃশ্রাদ্ধাদি পিণ্ডদান করিতে হয়।

বিল্বকেদার। দেব প্রয়াগ হইতে ১৬ মাইল উপরে শ্রীনগরের নিকট শিব-মন্দির।

রুদ্রপ্রয়াগ। বিল্বকেদার হইতে ২৩ মাইল উপরে মন্দাকিনী ও অলকানন্দার সঙ্গমস্থল। এখানেও পিণ্ডদানাদি করিতে হয়। এখান হইতে একটী পথ কর্ণ প্রয়াগ হইয়া বদরিকা গিয়াছে ও অন্য একটা পথ গুপ্তকাশী হইয়া কেদারনাথ তীর্থ গিয়াছে।

অগস্ত্যমুনি। রুদ্রপ্রয়াগ হইতে ১১ মাইল দূরে কেদারনাথের পথে অবস্থিত। এখানে অগস্ত্যমুনি তপস্যা করিয়াছিলেন।

গুপ্তকাশী।—অগস্ত্যমুনি হইতে ১৪ মাইল দূরে অবস্থিত। কুণ্ড হইতে ৩ মাইল চড়াই যাইয়া এখানে আসিতে হয়। এখানে একটী তপ্তপ্রস্রবণ ও একটী ঠাণ্ডাপ্রস্রবণ আছে। এখানেও পিণ্ডদানাদি কার্য্য করিতে হয়। এখান হইতে নালাবটী পর্য্যন্ত (২ মাইল) গিয়া একটী পথ উখীমঠ হইয়া নালাসঙ্গাতে বদরিকাশ্রম (যাহা রুদ্রপ্রয়াগ হইতে কর্ণপ্রয়াগ দিয়া গিয়াছে) পথে মিশিয়াছে ও একটী ত্রিযুগী নারায়ণ হইয়া কেদারনাথে গিয়াছে।

ত্রিযুগীনারায়ণ। গুপ্তকাশী হইতে ১৫৷৷০ মাইল গিয়া "পতিপাঠ" প্রস্রবণের নিকট হইতে ৩ মাইল দূরে অবস্থিত। প্রবাদ সত্যযুগে শিবের সহিত হিমালয়-কন্যা পার্ব্বতীর বিবাহ হইয়াছিল ও সেই সময় হইতে তিনযুগকাল ক্রমাগত অগ্নিকুণ্ড প্রজ্জলিত রাখা হইয়াছে। এখানে ব্রহ্মকুণ্ড বিষ্ণুকুণ্ড ও শিবকুণ্ড নামে তিনটী কুণ্ড আছে, তথায় স্নান ও দান করিতে হয়।

উত্তরকাশী। ত্রিযুগীনারায়ণ হইতে ৮০।৮৫ মাইল পুরুষামারী হইয়া যাইতে হয়। এখানে কাশী (বারাণসীর) মত সমস্ত আছে এখানে শ্রাদ্ধ পিণ্ডদানাদি করিতে হয়। ইহারই কিছু নিম্নে টিহরী পথে বৃদ্ধ কেদার মন্দির। পথ ঘাট দুর্গম, যাত্রীরা ইচ্ছা করিলে পদব্রজে যাইতে পারে। এই ভাটমারী হইতে গঙ্গোত্তরী ও যমুনোত্তরী যাইবার পথ পাওয়া যায়।

গৌরীকুণ্ড। ত্রিযুগীনারায়ণ হইতে পুনরায় পতিগাধ প্রস্রবণের নিকট ফিরিয়া

আসিয়া ৫ মাইল দূরে অবস্থিত। এখানে একটী উষ্ণ প্রস্রবণ আছে এবং শীতপ্রধান স্থান বলিয়া বড়ই আরাম জনক। একটী দশভুজা মায়ের মন্দির এখানে আছে

কেদারনাথ। পঞ্চকেদার তীর্থ আছে। যথায় বৃদ্ধকেদার, তুঙ্গনাথ, মদমহেশ্বর, রুদ্রেশ্বর ও কেদার। গৌরীকুণ্ড হইতে কেদার ৮ মাইল। বৃদ্ধকেদার ত্রিযুগীনারায়ণ হইতে ২০ মাইল। তুঙ্গনাথ গুপ্তকাশী হইতে চমোলী রাস্তায় চোপাতা নামক চটী হইতে উপরে ৫ মাইল উঠিতে হয়। মদমহেশ্বর উখীমঠ হইতে ২৯ মাইল দূরে আছে। মণ্ডলচৰ হইতে রুদ্রনাথ যাওয়া যায়, ইহাকেও পঞ্চকেদার মধ্যে হয়। রুদ্রেশ্বর বদরীনারায়ণ রাস্তায় হেলাং বা কুমার চটীর নিকট। কেদারনাথের নিকট আরও কয়েকটী তীর্থ স্থান আছে যথা,—স্বর্গা- রোহিণী, ভৃগুপতন, রেতকুণ্ড, হংসকুণ্ড, সিন্ধুকাগার, ত্রিবেণীতীর্থ মহাপথ ও শিবকুণ্ড।

বিষ্ণুপ্রয়াগ। এখানে অলকানন্দের সহিত পাতালগঙ্গা মিলিত। এখানেও পিণ্ডদান করা কর্ত্তব্য কিন্তু সাধারণতঃ কেহ তাহা করে না।

যোশীমঠ। এটী স্বামী শঙ্করাচার্য্যের প্রধান মঠ। এখানে তাঁহার বাল্যকালের মূর্ত্তি আছে।

পাণ্ডুকেশ্বর। বিষ্ণুপ্রয়াগ হইতে প্রায় ৮ মাইল দূরে অবস্থিত। এখানে পাণ্ডবের স্থাপিত বিষ্ণুমূর্ত্তি আছে। এখান হইতে পর্ব্বদিকে ১৫ মাইল যাইলে লোকপাল নামক স্থানে কাকভুষণ্ডীর দর্শন হয়

বদরিকাশ্রম। পাণ্ডুকেশ্বর হইতে ১০ মাইল উত্তরে পর্ব্বতোপরি অবস্থিত। পাহাড়ের মধ্যে পঞ্চবদরি আছে যথা :—যোগবদরী পাণ্ডুকেশ্বর গ্রামে অবস্থিত, ধ্যানবদরী হেলাং বা কুমার চটীর আধ মাইল নিম্নে অবস্থিত। ভবিষ্যবদরী যোশীমঠ হইতে তপোবন হইয়া প্রায় ৮ মাইল অগ্নিকোণে অবস্থিত, বিশালবদরী বদরিকাশ্রমে ও অঙ্গবদরী বদরিকাশ্রম হইতে ফিরিবার সময়ে কর্ণপ্রয়াগ হইতে প্রায় ১২ মাইল নীচে অবস্থিত।

কর্ণপ্রয়াগ ও নন্দপ্রয়াগ। শোনগঙ্গা হইতে ৭ মাইল নীচে নন্দপ্রয়াগ, এখানে অলকানন্দার সহিত নন্দগঙ্গা মিলিত ও তথা হইতে ১৩ মাইলের নীচে কর্ণপ্রয়াগ, এখানে অলকানন্দার সহিত পিণ্ডার বা কর্ণগঙ্গা সঙ্গম হইয়াছে।

কাঞ্চী। মান্দ্রাজ হইতে কাঞ্জীভারাম ষ্টেশনে নামিয়া যাইতে হয়। এখানে

শিবকাঞ্চী, বিষ্ণুকা[illegible] নামক তিনটীকুণ্ড আছে। এখানে স্না
নাদি করিতে হয়।

ত্রিপতী বালাজী। মান্দ্রাজ প্রদেশে রেণিগুটা ষ্টেশন হইতে ৩ মাইল দক্ষিণ
পশ্চিম কোণে হাঁটিয়া তিরপতী গ্রাম, তথা হইতে ৭ মাইল পাহাড়ে উঠিলে
বালাজীরে পোঁছান যায়। এখানে ভগবানের ভোগ অতি উপাদেয়, তবে ক্রয়
করিতে হয়। প্রসাদ বিনা পয়সায় পাওয়া যায় না। তিরুপতি ষ্টেশনে নামিলে
একেবারে গ্রামে পোঁছান যায় কেবলমাত্র সিকি মাইল হাঁটিলেই চলে।

রঙ্গনাথজী। ত্রিচনিপল্লি ষ্টেশনে ইলোর শাখালাইন দিয়া শ্রীরঙ্গম ষ্টেশন
নামিয়া ১॥০ মাইল পূর্ব্ব উত্তর কোণে আসিতে হয়। অথবা ত্রিচনিপল্লী হইতে
১ মাইল হাঁটিয়া কাবেরী নদী পার হইয়াও যাওয়া যায়। স্থানটী কাবেরী নদীর
উপর। মন্দিরে যাইতে ৭টী ফটক পার হইয়া যাইতে হয় এবং মন্দিরের বাহিরে
৭টী গোল রাস্তা আছে। প্রত্যেক রাস্তার মাঝখানে আসিলে ফটক পাওয়া
যায়। অর্থাৎ মন্দিরের বাহিরে যেন গণ্ডী দেওয়া।

পদ্মনাথ জনার্দ্দন গোকর্ণ ও পক্ষতীর্থ। এইগুলি নিজাম রাজ্যের মধ্যে। হায়দ্রা-
বাদ যাইলে ইলোরা ষ্টেসনে নামিয়া যাইতে হয়। এ সকল স্থানে যাইতে হইলে
হাঁটিয়া বা গো-শকটে যাওয়া যায়। পক্ষতীর্থ দিয়া গোকর্ণ, জনার্দ্দন ও পদ্মনাথ
দর্শন করিয়া নৈঋত কোণে ৮।১০ মাইল হাঁটিয়া বেলগম নামক স্থানে পুনরায়
রেল পাওয়া যায়। তথা হইতে মান্দ্রাজ যাওয়া যায়।

পম্পাপুর ও পম্পাসরোবর। মান্দ্রাজ ও সাদার্ণ মারহাট্টা রেলে গুণ্টাকাল
জংশন হইয়া হসপেট ষ্টেশনে নামিয়া হাঁটিয়া বা গোশকটে ৯ মাইল যাইলে এখানে
পোঁছান যায়। ইহাকে দক্ষিণকাশী বলে। এখানে রামচন্দ্র বালীকে বধ
করিয়া সুগ্রীবকে রাজ্য দান করেন। বালীর বাড়ীর চিহ্ন ও যেখানে সপ্ততাল
ভেদ করিয়া ছিলেন সেই টিলা আজও বর্ত্তমান।

সাক্ষীগোপাল। জগন্নাথ যাইবার সময় পুরী ষ্টেশনের এক ষ্টেশন আগে সাক্ষী
গোপাল নামক ষ্টেশনে নামিয়া প্রায় ১ মাইল হাঁটিয়া গেলেই মন্দিরে যাওয়া যায়।

কুমারী [illegible]। ভারতবর্ষের একেবারে দক্ষিণে সমুদ্রের উপর কুমারিকা
অন্তরীপে এই তীর্থ। এখানে গৌরী কুমারী অবস্থার মূর্ত্তি। ত্রিবাঙ্কুরের রাজার

অধিকার মধ্যে। নিত্য [illegible] যাহা আছে তাহাতে ১০৮ বলি হইয়া থাকে। মায়ের মূর্ত্তি দেখিলে উঠিতে ইচ্ছা যায় না।

মহীশূর। এখানে গৌরী দশভূজা রূপে মহিষাসুর-বধ করিয়াছিলেন। নিজ সহর মহীশূর হইতে প্রান্তভাগে অবস্থিত, তবে কোন চিহ্ন পাওয়া যায় না।

মণিকরণ। উত্তর খণ্ডে সিমলা পর্য্যন্ত রেলে আসিয়া তথা হইতে পার্ব্বতীয় পথে কুলু আসিয়া এখানে যাইতে হয়। এখানে ৫।৭টী ভয়ানক উত্তপ্ত উষ্ণ প্রস্রবণ আছে।

বশিষ্ঠকুণ্ড ও ব্যাসকুণ্ড। কুলু পাহাড় হইতে ভকতানবার হইয়া ১॥০ মাইল দূরে বশিষ্ঠ কুণ্ড, তথ হইতে ২৪ মাইল গিয়া ব্যাসকুণ্ড। এখান হইতে বিপাশানদী প্রবাহিত। এখানে বশিষ্ঠদেব ও ব্যাসদেব কিছুকাল তপস্যা করিয়াছিলেন বলিয়া প্রবাদ।

কোটেশ্বর ও নারায়ণ সরোবর। কচ্ছ প্রদেশের রাজধানী ভুজের নিকট সমুদ্রের ধারে কোটেশ্বর শিবের। মন্দির বিরাজমান। ইহারই অনতিদূরে নারায়ণ সরোবর।

দত্তাত্রেয় স্থান। কাঠিওবাড় প্রদেশের জুনাগড় রাজ্যে গীরনার পর্ব্বতে স্বামী দত্তাত্রেয়দেবের চরণপাদুকার দর্শন হয়। এই গীরনার পর্ব্বতে (ইহারই নাম রমতক পর্ব্বত) অম্বালবীর মন্দির গোরক্ষনাথের মন্দির গোমতীগঙ্গা ও ব্রহ্মকুণ্ড নামক কয়েকটী হিন্দু তীর্থ আছে এবং একটী জৈন মন্দির আছে। সর্ব্বনিম্নে কাপালিকদের কালীমন্দির আছে। প্রবাদ এখানে কাপালিকেরা সময়ে সময়ে নরবলি দিয়া থাকে।

আবুরাজ। রাজপুতানায় আবুহাড়ের নাম আবুরাজ। এখানেও স্বামী দত্তাত্রেয় দেবের চরণপাদুকার দর্শন হয়, তদ্ব্যতীত অধর দেবীর মন্দির আছে এবং দীলওয়ারা গ্রামে একটী প্রকাণ্ড সুন্দর জৈন মন্দির আছে।

হিরণ্যকশিপুর বাড়ী ও প্রহ্লাদের জন্মস্থান। মুলতান সহরের পশ্চিম প্রান্তে সামান্যই চিহ্ন পাওয়া যায়।

একলিঙ্গেশ্বর শিব ও শ্রীনাথজী। রাজপুতানা মেবার উদয়পুর রাজ্যান্তর্গত

উদয়পুর হইতে ১০ মাইল গিয়া পাহাড়ের মধ্যে একলিঙ্গেশ্বর শিবের মন্দির। ইচ্ছা করে না। মূর্ত্তি পঞ্চমুখ শিবের বড়ই সুন্দর দৃশ্য, দেখিলে উঠিয়া আসিতে ইচ্ছা করে না। ইহার ৩৭ মাইল দূরে বায়ুকোণে নাথদোয়ারা সহরে রঙ্গনাথজীর মন্দির, এখানে নারায়ণ অনন্তশয্যায় শায়িত।

রাজকীয় ডাক।

ডাকঘর রবিবার, নিউইয়ার্স ডে, গুড্ ফ্রাইডে, এম্পারস বার্থডে এবং বড়দিনে বন্ধ থাকে। টেলিগ্রাফ বিভাগেও ঐ সময়ে ছুটী থাকে। ইহা ভিন্ন শ্রীপঞ্চমী ইদলফেতর, ইদুজ্জোহা, মহরম, মহালয়া, দুর্গাপূজা, কালীপূজা প্রত্যেকের জন্য ১ দিন বন্ধ।

এক্সপ্রেস টেলিগ্রাম মণিঅর্ডার বৎসরে সকল দিনেই হয়।

ডাকঘরে কোন বিষয় জানিতে হইলে (ছুটীর দিন ব্যতীত)—প্রাতে ৭টা হইতে ৮টা এবং দুপুর ১২টা হইতে বৈকাল ৫টা।

ডাকটিকিট বিক্রয়—ডাকঘর খোলা থাকিলেই টিকিট বিক্রয় হইবে।

রেজিষ্ট্রী, বীমা বা ইন্‌সিওরেন্স, পোষ্ট পার্শেল, ভেলুপেয়েবল ডাক, ডাকে চিঠি দেওয়ার নিদর্শন প্রাতে ৭টা হইতে ৮টা এবং ১২টা হইতে ৫টা। কেবল শনিবারে ৩টা পর্য্যন্ত। মণিঅর্ডার, সেভিংসব্যাঙ্কে টাকা জমা দেওয়া বা লওয়া, বিলাতী ডাকের টিকিট বিক্রয়—১০টা হইতে ৩টা পর্য্যন্ত শনিবারে ১টা পর্য্যন্ত।

টেলিগ্রাম মণিঅর্ডার—প্রাতে ৬টা হইতে সন্ধ্যা ৬টা পর্য্যন্ত। টেলিগ্রামের খবর টেলিগ্রাম মণিঅর্ডারের মত। পত্র সকল দিনমানে লওয়া দেওয়া হয়। ইহাই সাধারণ নিয়ম।

সকল প্রকার পত্র ও পুলিন্দার উপরে যেরূপ শিরোনামা লেখা থাকে ঠিক তাহাই পৃথক কাগজে লিখিয়া ও একখানি এক পয়সার টিকিট লাগাইয়া

দিলে পোষ্টমাষ্টার নিদর্শন স্বরূপ তাহাতে একটী মোহর করিয়া দেন, সেটী পত্র বা পুলিন্দা ডাকে পাঠান হইয়াছে তাহারই প্রমাণ। পাঠানর নিদর্শনসূচক এরূপ এক পয়সার একখানি রসিদে ৩টা পর্য্যন্ত পত্র বা পুলিন্দা যাইতে পারে।

টেলিগ্রাম—এক্সপ্রেস্ ও অর্ডিনারী।

এক্সপ্রেসের প্রথম ১২ কথায় ১৷৵০, অপর প্রত্যেক অধিক কথার জন্য ৵০ অর্ডিনারী প্রথম ১২ কথায় ৸০, তদূর্দ্ধে প্রতি কথার জন্য ৴০ এক আনা মাত্র। নাম ও ঠিকানা ধরিয়া হিসাব করা হয়।

প্যাটরণ পোষ্ট বা নমুনার ডাক।

ব্যবসায়ের দ্রব্যাদি নমুনার মত (বিক্রয়ের যোগ্য নহে) এই ডাকে পাঠান যাইতে পারে; পুলিন্দা ৮০ তোলার অধিক ওজন ও ২ ফিট দীর্ঘ ১ ফুট প্রস্থ ও ১ ফুট উর্দ্ধ মাপের অধিক হইবে না। পুলিন্দায় দ্রব্য পরীক্ষার জন্য ঐ সকল এরূপ প্যাক করিতে হইবে যাহাতে সহজে উহা দেখা যায়। মাশুল প্রতি পাঁচ তোলায় ৵০ অগ্রে দেয়, তাহা না দিলে বা ইনসফিসেণ্ট হইলে পশ্চাৎ দ্বিগুণ লাগে। ঐ নিয়-মটি লঙ্ঘন করিয়া কার্য্য করিলে পত্রপ্রেরণের মাশুল দণ্ড স্বরূপ লওয়া যায়।

ভ্যালু পেয়েবেল ডাক।

রেজেষ্টারী পার্শেল, রেজেষ্টারীপত্রে সম্পূর্ণ অগ্রিম মাশুল দেওয়া এবং রেলওয়ে রসিদ ভ্যালুপেয়েবেল করা যাইতে পারে অর্থাৎ বিক্রির সময় পোষ্ট আফিসের দ্বারাই গ্রহীতার নিকট হইতে তাহার দাম আদায় করা যাইতে পারে; এরূপ পাঠান কেবল যে স্থানে মনি অর্ডারের টাকা পাওয়া যায় সেই স্থানেই হইতে পারে। এরূপ পাঠাইতে হইলে পাঠানের সময় কত আদায় করিতে হইবে তাহা পোষ্ট আফিস ফরমে স্পষ্ট করিয়া লিখিয়া দিতে হয় এবং একখানি রসিদ পাওয়া যায়। বিমা করিয়া পাঠাইলে একখানি বিমার রসিদ পাওয়া যায়।

কমিশনের হার। প্রতি ১০৲ টাকা ৵০ আনা হিসাবে কমিশন দিতে হয়।

কবিরাজী মুষ্টিযোগ।

অতিসার রোগে।—ইন্দ্রযব, আতইচ, বেলশুঁঠ, মূথা, বালা ও শঠী মিলিত ২ তোলা আধসের জলে সিদ্ধ করিয়া আধপোয়া থাকিতে নামাইবে। প্রত্যহ এইরূপে তিনবার সেবন করিলে ভাল হয়। কুড়চির ছাল ও দাড়িমের ছাল মিলিত ২ তোলা পূর্ব্বোক্ত রূপে সেব্য।

অর্শ রোগে।—কুড়চির ছাল আধতোলা ঘোলের সহিত কিম্বা দূর্ব্বা-ঘাসের রস ১ ছটাক চিনির সহিত সেবন করিবে। হরিদ্রা চূর্ণ আধতোলা ও মনসাসিজের আঠা আধতোলা একত্রে মিশাইয়া অর্শে প্রলেপ দিলে ভাল হয়।

অজীর্ণ রোগে।—সৈন্ধব লবণ, হরীতকী, পিঁপুল ও চিতামূল চূর্ণ সমভাগে মিশাইয়া কিঞ্চিৎ উষ্ণ জলের সহিত পান করিবে। হরীতকী ও শুঁঠ মিলিত আধতোলা ইক্ষু গুড় অথবা সৈন্ধব লবণের সহিত সেবন করিলে উপকার হয়।

আমাশয় রোগে।—পিঁপুল চূর্ণ।০, মরিচ চূর্ণ।০, গব্য দুগ্ধ ২০ তোলা একত্রে মিশাইয়া সেব্য। বেলশুঁঠ, পুরাতন গুড়, লোধ, তিল তৈল এবং মরিচ সমভাগে একত্র বাটিয়া ১ তোলা মাত্রায় দিবসে ৩।৪ বার সেবন করিলে সর্ব্বপ্রকার আমাশয় ভাল হয়।

উপদংশ (গর্মি) রোগে।—ত্রিফলার কাথ কিম্বা ভীমরাজের রস দ্বারা উপদংশ ক্ষত ধৌত করিবে। জনকপুরী খয়ের আধপোয়া, হরিণের সিং ভস্ম আধপোয়া, গেঁটেকড়ি ভস্ম এক ছটাক, খাঁটি মোম আধপোয়া ও মাখম এক পোয়া এই সকল দ্রব্যগুলি উত্তমরূপে মিশ্রিত করিয়া মলম লাগাইবে। হাফর মালীর আঠা প্রতিদিন ২।৩ বার লাগাইলে ঘা ভাল হয়।

একশিরা রোগে।—বামনহাটির শিকড় আতপ চালুনীর জলে বাটিয়া প্রলেপ দিলে এবং শ্বেত আকন্দ মূলের ছাল কাঁজিতে বাটিয়া প্রলেপ দিলে কোষ-বৃদ্ধি নিশ্চয়ই ভাল হয়।

ক্রিমি রোগে।—বিড়ঙ্গ চূর্ণ আধতোলা, মধু সহ কিম্বা পলাশ বীজ মধু সহ অথবা কমলাগুঁড়ি চূর্ণ ১ তোলা, গুড়ের সহিত সেবন করিবে। নিমপাতার রস কিম্বা ধুঁতুরা পাতার রস আধতোলা মাত্রায় প্রত্যহ পান করিলে কৃমি নষ্ট হয়।

খোস পাঁচড়ার ঔষধ।—কলার ভিতর দুই রতি মাত্রায় গন্ধক সেবন করিবে। কার্ব্বলিক সাবানে ধুইয়া চালমুগরার তৈল লাগাইলে ভাল হয়।

গরল রোগে।—ঝাঁটি বৃক্ষের মূল, কালমেঘ গাছের পাতা ও শিকড় এবং কাঁচা হরিদ্রা একত্রে বাটিয়া সর্ব্বাঙ্গে প্রলেপ দিলে গরল ভাল হয়।

ছুলি রোগে।—মূলার বীজ জলে বাটিয়া কিম্বা কৃষ্ণ ধুঁতুরার মূল পাতি-লেবুর রসে মর্দ্দন করিয়া অথবা গন্ধক, মূলার ক্ষার আদার রস সহ মর্দ্দন করিয়া ছুলিতে লাগাইলে ভাল হয়।

ঠুন্‌কো হইলে।—বাব্‌লা কিম্বা ডালিমের ছালসিদ্ধ জলে অল্প পরিমাণ ফট্‌কিরী মিশাইয়া ঠুন্‌কো স্থানে প্রলেপ দিলে ৪।৫ দিবসে ভাল হয়।

দদ্রু রোগে।—একতোলা গর্জ্জন তৈলের সহিত ১ তোলা সোডা ও ২ তোলা গন্ধক মাড়িয়া ২।৩ বার লাগাইবে। মাজু ফল চূর্ণ ৮ তোলা তেঁতুল ছাল ভস্ম ১ তোলা একত্রে নারিকেল তৈলে মাড়িয়া দদ্রুস্থানে লাগাইলে ভাল হয়।

বাগী রোগে।—গোয়ালে লতা বাটিয়া কিম্বা গাব ভেরেণ্ডার আঠা অথবা টাট্‌কা সজিনার আঠা বাগীর স্থানে দিলে বাগী বসিয়া যায়। কাটানটের শিকড় বাটিয়া ফোড়া বা বাগীর উপর দিলে কাটিয়া যায়।

বাত রোগে।—ব্যাঘ্রের তৈল মালিস করিলে ভাল হয়। আধ ছটাক ধুঁতুরা বীজ থেঁত করিয়া তিন পোয়া খাঁটি সরিষার তৈলে ৭ দিবস ভিজাইয়া পরে ছাঁকিয়া বাত স্থানে মালিস করিলে বাতের যন্ত্রণার লাঘব হয়।

বিস্ফোটক রোগে।—সৈন্ধব লবণের সহিত ধুতুরা মূল বাটিয়া ঔষধযুক্ত করতঃ প্রলেপ দিলে অথবা সেওড়া গাছের কাঁচা ছাল কাঁজির সহিত বাটিয়া প্রলেপ দিলে ফোড়া বসিয়া যায়। হস্তির দাঁত বা গরুর দাঁত জলে ঘসিয়া ফোড়ায় প্রলেপ দিলে কাটিয়া যায়। অনন্তমূল জলে বাটিয়া ফোড়ার চতুর্দ্দিকে প্রলেপ দিলে ফোড়া হইতে পুঁয নির্গত হইয়া থাকে।

মেহ রোগে।—আধ ছটাক গুলঞ্চের রস মধুর সহিত কিম্বা শতমূলীর রস দুগ্ধের সহিত পান করিলে মেহ ভাল হয়। কাঁচা হরিদ্রার রস আধ ছটাক পান করিলে প্রস্রাবের যন্ত্রণার লাঘব হয়। সোরা এক আনা, কাবাব চিনি ১ আনা, রাত্রে ভিজাইয়া প্রাতে কিঞ্চিৎ চিনির সহিত সেবন করিলে প্রমেহ আরোগ্য হইয়া থাকে।

মূর্চ্ছা রোগে।—[illegible] গোলমরিচ সূচে বিদ্ধ করিয়া অগ্নিতে পোড়াইয়া ঐ ধূম মূর্চ্ছিত রোগীর নাসিকায় দিলে উপকার হয়। শিরীষ বীজ, পিপুল, মরিচ, সৈন্ধব, রসুন, মনঃশিলা ও বচ গোমূত্রে পেষণ করিয়া মূর্চ্ছার সময় অঞ্জন দিলে মূর্চ্ছা ভঙ্গ হয়।

অম্লামাশায় রোগে।—আড়াইটা মরিচ, আড়াইটা জীরে ও আমরুল শাকের শিকড় সিকিতোলা একত্রে জলে পেষণ পূর্ব্বক তিন দিবস সেবন করিলে ভাল হয়। শিশুদিগের পক্ষে ছাগ দুগ্ধের সহিত জামগাছের রস আধ ছটাক খাওয়াইলে উপকার হয়। শ্বেত কাঁটানটের মূল সিকিতোলা কিম্বা বটের ঝুরি সিকি তোলা চাউল ধোয়ানী জলের সহিত সেব্য। কুকসিমা পাতার রস আধ ছটাক মাত্রায় দিবসে ২।৩ বার খাইলে যন্ত্রণার উপকার পাওয়া যায়।

শিরঃপীড়া রোগে।—পুরাতন গুড় শুঁঠ চূর্ণ দ্বারা নস্য লইলে কিম্বা কুঁচ ও করঞ্জ জলে পেষণ করিয়া তাহার নস্য লইলে অথবা মরিচ চূর্ণ ভীমরাজের রসের সহিত নস্য লইলে শিরঃপীড়া আরোগ্য হয়। অপরাজিতার মূল কর্ণে বান্ধিলে উপকার হয়।

শোথ রোগে।—হরীতকী, হরিদ্রা, বামুনহাটি, গুলঞ্চ, চিতা, দারুহরিদ্রা, পুনর্ণবা, দেবদারু, শুঁঠ এই সকল মিলিত ২ তোলা আধসের জলে সিদ্ধ করিয়া আধপোয়া থাকিতে নামাইয়া পান করিলে শোথ নষ্ট হয়। দেবদারু, শুঁঠ, পুনর্ণবা, সজিনা ছাল, রাইসর্ষপ, এই সকল দ্রব্য একত্রে কাঁজির সহিত পেষণ করিয়া দিলে শোথ আরোগ্য হয়।

হাঁপানি রোগে।—কণ্টিকারীর রস আধছটাক মাত্রায় দুই আনা মরিচের গুঁড়া ও মিছরীর সহিত সেবন করিলে হাঁপানি আরোগ্য হয়। পুরাতন গুড় ও সর্ষপতৈল সমভাগে মিশ্রিত করিয়া ২ তোলা পরিমাণে প্রত্যহ সেবন করিলে ৩ সপ্তাহ মধ্যে শ্বাসরোগ আরোগ্য হয়।

হিক্কা রোগে।—যষ্টিমধু চূর্ণ মধুর সহিত পিপুল চূর্ণ চিনির সহিত এবং শুঁঠ চূর্ণ গুড়ের সহিত নস্য লইলে আরোগ্য হয়। কদলীমূলের রস চিনির সহিত আধছটাক পরিমাণে সেবন করিলে হিক্কা ভাল হয়। মরিচের ধূম নাসারন্ধ্রে প্রবেশ করাইলে আশু উপকার পাওয়া যায়।

সংক্ষিপ্ত হোমিওপ্যাথিক গৃহ চিকিৎসা।

অম্লরোগে [illegible]) এবং সবুজ ভেদ অথবা নানাবর্ণের ভেদ ও বমি হইলে ক্যামোমিলা। ভেদ ও বমিতে টক গন্ধ থাকিলে রিউম। দুগ্ধ খাইবামাত্র তুলিয়া ফেলিলে বা দধির ন্যায় বমি হইলে ইথুসা।

আমাশয়ে—রোগের প্রথমাবস্থায় নক্সভমিকা। যাহাদের কৃমির ধাত তাহাদের পক্ষে সিনা। পুরাতন আমাশয়ে পডোফিলম। অসাড় আমাশয় নির্গত হইলে এবং শিশুদিগের পক্ষে এলোজ।

ইনফ্লুয়েঞ্জা রোগে—বৃষ্টিতে ভিজিয়া সর্ব্বাঙ্গে ব্যথা ও জ্বর হইলে রসটক্স। জ্বর, নাকদিয়া জলপড়া, এক নাক বন্ধ আর এক নাক দিয়া জলপড়া, গলাতে ও বুকে বেদনা থাকিলে জেলসিমিনাম। আর্সেনিক ব্রাইওনিয়া এবং একোনাইট এই রোগে বিশেষ কার্য্য করে।

উদরাময় রোগে—অধিক ঘৃত, তৈল, চর্ব্বি বা ইলিসমাছ খাইয়া হইলে পলসেটিলা। অতিরিক্ত আহার জন্য ইপিকাক। অজীর্ণবশতঃ ভেদ, অম্ল বা অসাড় ভেদে চায়না। দূষিত জলপান করিয়া পীড়া হইলে জিঞ্জিবর। শিশুর দাঁত উঠিবার সময় উদরাময়ে ক্যামোমিলা।

কর্ণমূল ফুলিলে—মারকিউরিয়াস ও আইওডেটাস। জ্বরসংযুক্ত কর্ণমূল হইলে বেলেডোনা।

কাণকটকটানি রোগে—ঠাণ্ডা লাগিয়া হইলে ক্যামোমিলা। কাণ দিয়া পুঁয নির্গত হইলে মারকিউরিয়াস সল। পুঁয ও যন্ত্রণা থাকিলে হিপার-সলফর। হাম ও বসন্তের পর কাণের পীড়া হইলে পলসেটিলা।

কলেরা রোগে—প্রথমাবস্থায় একোনাইট ব্যবহার করিলে রোগের আর বৃদ্ধি হয় না। ভিরাট্রম, আর্সেনিক, কুপ্রম ও কার্ব্বোভেজ এইগুলি কলেরারোগে বিশেষ উপকার করে, রোগ একটু সামলাইলে চায়না ব্যবহার হয়।

কৃমিরোগে—সর্ব্বপ্রকার কৃমিরোগে সিনা একটি প্রধান ঔষধ। মধ্যে মধ্যে সলফর খাইতে দিলে উপকার হইয়া থাকে।

কাশিরোগে—ভয়ানক আক্ষেপযুক্ত কাশিতে বেলেডোনা, শুক্না কাশি ও বক্ষস্থ রগ ধরিলে ব্রাইওনিয়া, তরল শ্লেষ্মাযুক্ত কাশি এবং রাত্রিতে বেদনা কাশি, শ্বাসরোধ বোধ হইলে স্পঞ্জিয়া। কাশি হাঁচি এবং গলা জ্বালা করিলে স্কুইলা।

কোষ্ঠকাঠিন্যে—স্ত্রীলোকের গর্ভাবস্থায় সিপিয়া [illegible]

তরুণ ও পুরাতন কোষ্ঠকাঠিন্যে নক্সভমিকা, যাহাদের বসিয়া থাকা অভ্যাস ব্যতিত বা মাথার অসুখ আছে তাঁহাদের পক্ষে ব্রাইওনিয়া। ওপিয়ম ও সলফর কোষ্ঠকাঠিন্যের পক্ষে উপযুক্ত ঔষধ।

কোনস্থানে আঘাত লাগিয়া থেঁৎলাইয়া যাইলে—আর্ণিকা ৩০ ফোঁটা ১ আউন্স জলে দিয়া নেকড়া ভিজাইয়া ব্যথার উপর লাগাইতে হইবে, তাহার উপর কলাপাতা দিয়া যাহাতে বাতাস না লাগে সেই প্রকার কাপড় দিয়া বাঁধিতে হইবে। নেকড়া শুকাইলে পুনরায় ভিজাইয়া দিবেন।

কোন স্থান কাটিয়া যাইলে—ক্যালিণ্ডিউলা লোসন দ্বারা বাঁধিয়া দিলে ভাল হইবে। ঘা শীঘ্র না শুকাইলে হিপার সালফার সেবন করা উচিত।

গণোরিয়া রোগে—প্রথমাবস্থায় ক্যানাবিস স্যাটাইভা খাইলে রোগ বৃদ্ধি পায় না। পুঁয ঘন এবং সবুজবর্ণ ও প্রস্রাবে যন্ত্রণা থাকিলে মার্করি করোসিভস। পুনঃ প্রস্রাবের উদ্বেগ, জ্বালা, বেদনা এবং প্রস্রাবের সহিত রক্ত পড়িলে ক্যান্থারিস্।

চুলকানি ও পাঁচড়া রোগে—গ্রেফাইটিস্, লিকোপডিয়ম, সিপিয়া ও সলফর।

চক্ষু রোগে—যখন উহার সহিত জ্বরভাব থাকিবে তখন একোনাইট, চক্ষু খুব লাল হইলে আলো দেখিতে কষ্টবোধ হইলে এবং যন্ত্রণা থাকিলে বেলেডোনা। চক্ষু হইতে জল পড়িলে এবং চক্ষের পাতা ফুলিলে পলসেটিলা। চক্ষু লাল, চুলকান, বালি থাকা বোধ জ্বালা ও জল পড়িলে ইউফ্রেসিয়া।

জ্বররোগে—সকল প্রকার জ্বরে একোনাইট, মাথা অত্যন্ত গরম, মুখ ও চক্ষু লাল এবং পিপাসা থাকিলে বেলেডোনা, জ্বরের সময় পিত্ত বমন হইলে ইপিকাক, ম্যালেরিয়া জ্বরে এবং জ্বরের সহিত পেটের পীড়া থাকিলে আর্সেনিক, লিভার ও প্লীহাযুক্ত জ্বরে পলসেটিলা, কুইনাইন আটকান জ্বরে নেট্রমমিউর।

ঠুনকো রোগে—স্তনের নিম্নভাগ লাল ও শক্ত, বেদনা ও জ্বর থাকিলে ব্রায়োনিয়া। ফুলো অধিক হইলে এবং জ্বর বেশী হইলে বেলেডোনা।

দাঁতের মাড়িতে ফোড়া হইলে—বেলেডোনা, ফোড়া কাটাইবার জন্য হিপার সালফার, মারকিউরিয়স সল।

দাঁত বেদনায়—ক্যামোমিলা, মারকিউরিয়স্ সল এবং কফিয়া উপকার করে।

দদ্রুরোগে—রসটক্স এবং সালফার প্রধান ঔষধ।

দূষিত বসন্ত রোগে—আন্টিমণি টার্ট প্রধান ঔষধ। হঠাৎ বসন্ত আটকাইয়া গেলে এবং বুকে হাঁপ ইত্যাদি হইলে ... যখন কিছুতেই কমে না এবং

কোষ্ঠ হইলে রসটক্স। আর্সেনিক, বসন্তের সহিত পেটের পীড়া থাকিলে রসটক্স। ভেরিওলিনাম ও থুজা ব্যবহার করিলে বসন্ত হইবার আশঙ্কা থাকে না।

ধ্বজভঙ্গরোগে—প্রথমাবস্থায় এগনস-কেসটস্ বিশেষ উপকারক। লাইকোপোডিয়ম-বৃদ্ধ বয়সে বিশেষ উপকার হয়।

নাকে দিয়া রক্ত পড়িলে—কোনরূপ আঘাত লাগিলে আর্ণিকা। হেমামেলিস্ সর্ব্বপ্রকার রক্তপাত নিবারণ করিয়া থাকে।

হাবা রোগে—ইহার সহিত বেশী জ্বর থাকিলে একোনাইট। মারকিউরিয়াস সল এই রোগে ফলপ্রদ ঔষধ। শিশুদিগের পক্ষে ক্যামোমিলা বিশেষ উপকারী।

পানিবসন্ত রোগে—জ্বর থাকিলে একোনাইট, মাথাধরা ও পিপাসা থাকিলে বেলেডোনা, চক্ষের কোণে ঘা এবং সর্ব্বদা গাত্র চুলকাইলে মার্করি; পেটের পীড়া এবং পানিবসন্ত বাহির হইতে দেরী হইলে পলসেটিলা।

পিত্তভেদ হইলে—ভেদ প্রবল ভাব ধারণ করিলে আর্সেনিক, বাহ্যে জলের ন্যায় এবং সবুজবর্ণ ও শ্লেষ্মা থাকিলে ক্যামোমিলা।

বমনরোগে—ইপিকাক একটি প্রধান ঔষধ।

বহুমূত্র রোগে—প্রথমাবস্থায় সিজিজিয়ম জ্যাম্বুলিন ১০ ফোঁটা করিয়া দিবসে দুইবার সেবন করিলে কমিয়া যাইতে পারে। উহাতে আরোগ্য না হইলে এসিড ফস বা ইউরেনিয়ম নাইট্রিক্ ব্যবহার হয়।

বাত রোগে—জ্বর থাকিলে একোনাইট। নূতন বাতে কলচিকম। ব্যথা চলিয়া বেড়াইলে পলসেটিলা।

রক্তামাশয়ে—অতিশয় রক্তপড়া পেট ব্যথা ও কামড়ানি থাকিলে ইপিকাক। অতিসার ও শূল বেদনা হইলে কলোসিন্থ। পুরাতন রক্তামাশয়, কাল ও দুর্গন্ধ ভেদ হইলে লেপ্টাণ্ড্রা ভার্জ্জিনিকা। সলফার ও নক্সভমিকা এই রোগে উপকারী। আমাশয় ও রক্তামাশয়ে মারকিউরিয়াস-কর ব্যবহার হয়।

অন্যান্য রোগের বিবরণ উল্লেখ করিয়া নিম্নলিখিত ঠিকানায় ডাকটিকিট পাঠাইয়া দিলে সবিশেষ জানিতে পারিবেন। বিনামূল্যে অম্লরোগের মাদুলী পাওয়া যায়।